# ২৭ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত
# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ২৫তম বার্ষিক সাধারণ সভার (Virtual) কার্যবিবরণী

**মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড**

**MEGHNA LIFE INSURANCE CO. LTD.**

**Registered Office**
'Meghna Life-Karnaphuli Bima Bhaban'
11/B & 11/D Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka-1000.
Phone: PABX: 0222 3385393, 02 9556204, Fax: 880 222 3358113.
e-mail: info@meghnalife.com, Web site: www.meghnalife.com

# ২৫তম বার্ষিক সাধারণ সভার (Virtual) কার্যবিবরণী- তারিখঃ ২৭/১০/২০২১ইং

মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ২৫তম বার্ষিক সাধারণ সভা ২৭ অক্টোবর ২০২১ইং তারিখ বুধবার, সকাল ১১:০০ ঘটিকায় Digital Platfrom এর মাধ্যমে Virtual পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। সভায় কোম্পানীর নিম্নোক্ত পরিচালকবৃন্দ অংশগ্রহণ করেনঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১। | জনাব নিজাম উদ্দিন আহমদ | চেয়ারম্যান |
| ০২। | জনাব নাসির উদ্দিন আহমদ | ভাইস চেয়ারম্যান |
| ০৩। | মিসেস হাসিনা নিজাম | পরিচালক |
| ০৪। | জনাব রিয়াজ উদ্দিন আহমদ | পরিচালক |
| ০৫। | মিসেস জান্নাতুল ফেরদৌস | পরিচালক |
| ০৬। | জনাব এ.এন.এম ফজলুল করিম মুন্সী<br>কর্ণফুলী ইন্স্যুরেন্স কোং লিঃ এর মনোনীত প্রতিনিধি | পরিচালক |
| ০৭। | মিসেস উম্মে খাদিজা মেঘনা | পরিচালক |
| ০৮। | জনাব মোঃ মঈন উদ্দিন, এসিএস<br>নিজাম-হাসিনা ফাউন্ডেশন হাসপাতাল এর মনোনীত প্রতিনিধি | পরিচালক |
| ০৯। | মিসেস সবিতা ফেরদৌসি | পরিচালক |
| ১০। | মিসেস শারমিন নাসির | পরিচালক |
| ১১। | মিসেস দিলরম্নবা শারমিন | পরিচালক |
| ১২। | জনাব মোঃ ইউসুফ আলী হাওলাদার | নিরপেড়্গা পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান |
| ১৩। | জনাব মোঃ নুরম্নল ইসলাম মিঞা | নিরপেড়্গা পরিচালক |
| ১৪। | জনাব মোঃ আহসান ইবনে কবির | নিরপেড়্গা পরিচালক ও NRC কমিটির চেয়ারম্যান |
| ১৫। | মিঃ এন. সি. রম্নদ্র | মুখ্য নির্বাহী কর্মকর্তা |

মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর জনাব মোহাম্মদ তারেক-এফসিএ, ডিএমডি ও সিএফও এবং অভ্যন্তরীণ নিরীড়্গা বিভাগের প্রধান জনাব মোঃ ফুরাদুজ্জামান, এভিপি এবং কোম্পানী সচিব জনাব আজিজ আহমেদ উক্ত সভায় তথ্য উপাত্ত দিয়ে সহায়তা করেন। এছাড়া সভায় বিপুল সংখ্যক সম্মানিত শেয়ারহোল্ডারগণ Digital Platfrom ব্যবহার করেন ও Login এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন কোম্পানীর চেয়ারম্যান জনাব নিজাম উদ্দিন আহমদ।

সভার প্রারম্ভে কোম্পানী সচিব অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারবৃন্দ এবং অতিথিগণের সঙ্গে চেয়ারম্যান, পরিচালকবৃন্দ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা-কে পর্যায়ক্রমে Digital Platfrom এর মাধ্যমে পরিচয় করিয়ে দেন।

সভার কোরাম পূর্ণ হলে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যথাসময়ে সভার কার্যক্রম শুরম্ন হয়। প্রথমেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তরজমা করা হয়। পবিত্র কোরান শরীফ থেকে তেলাওয়াত ও তরজমা শেষে মোনাজাত পরিচালনা করেন কোম্পানীর শরীয়াহ কাউন্সিল এর মোরাকীব ও ইসলামী বীমা (তাকাফুল) এর ডেপুটি ভাইস প্রেসিডেন্ট জনাব মুফতী মোহাম্মদ আমিমুল এহসান।

অতঃপর মাননীয় চেয়ারম্যান মহোদয় সভায় অংশগ্রহণকারী সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে সাদর সম্ভাষণ জানিয়ে তাঁর স্বাগত বক্তব্যে কোম্পানীর সাফল্যের বাস্ত্মব চিত্র তুলে ধরেন। মেঘনা লাইফ ইন্স্যুরেন্সকে উলেস্নখযোগ্য পলিসি বোনাস প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে তিনি তার বক্তব্যে উলেস্নখ করেন। তিনি পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত স্টক ১৫% ও নগদ ১৫% সহ মোট ৩০% লভ্যাংশ অনুমোদনের জন্য অংশগ্রণকারী শেয়ারহোল্ডারদের আহ্বান জানান। তিনি বলেন কোম্পানীর সাফল্যই আপনাদের সাফল্য। তিনি আরও বলেন কোম্পানীর প্রতিটি শেয়ারহোল্ডার ও বোর্ড সদস্যগণকে মনে রাখতে হবে লাইফ ইন্স্যুরেন্স পলিসিহোল্ডারদের কোম্পানী। পলিসিহোল্ডারগণ বীমা করে উপকৃত হবেন, এটাই আমাদের প্রত্যাশা। তাই যে কোন মূল্যে পলিসিহোল্ডারগণের স্বার্থ হানি হয় বা পলিসিহোল্ডারগণ প্রাপ্ত সুবিধা হতে বঞ্চিত হন এমন কোন কাজ করা যাবে না। চেয়ারম্যান মহোদয় সম্মানিত পলিসিহোল্ডারদের ন্যায্য পাওনা (Claims) যাতে দ্রম্নত সময়ের মধ্যে তাঁদের বা তাঁদের আইনানুগ মনোনীত প্রতিনিধির কাছে প্রেরণ করা যায় সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। সাথে সাথে বীমা কর্মীগণ কোম্পানীর সম্পদ। তারা যাতে নিয়ম অনুযায়ী ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত না হন সে দিকে কর্তৃপড়্গের আরো সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান।

তিনি আশা করেন পলিসিহোল্ডার ও বীমা কর্মীর স্বার্থ সংরক্ষণ করে গঠনমূলক বাস্তবভিত্তিক কার্যক্রমের মাধ্যমে মেঘনা লাইফ একটি আদর্শ কোম্পানী হিসেবে শ্রেষ্ঠত্ব প্রমাণ করবে এবং এতেই শেয়ারহোল্ডারগণের বীমা কোম্পানী প্রতিষ্ঠা করার স্বার্থকতা পূর্ণ হবে। বাংলাদেশে অধিকাংশ বীমা কোম্পানী ও বীমাকর্মী সম্পর্কে সাধারণ মানুষের ইতিবাচক ধারণা নেই। অবশ্য মেঘনা লাইফ পলিসিহোল্ডার ও বীমাকর্মীদের স্বার্থ সংরক্ষণ করে অগ্রসর হওয়ার ফলে জনগণের মধ্যে মেঘনা লাইফের উপর আস্থা বৃদ্ধি পেয়েছে। কোম্পানীর উত্তরোত্তর সাফল্যে সকলের অবদানকে তিনি সাধুবাদ জানান।

অতঃপর চেয়ারম্যান মহোদয় আলোচ্যসূচী অনুযায়ী ও 'এক শেয়ার এক ভোট' ভিত্তিতে সকল সম্মানিত শেয়ারহোল্ডারদের তাদের মূল্যবান মতামত ভোটের মাধ্যমে প্রকাশ করার আহবান জানিয়ে সভার কার্যক্রম শুরু করার সম্মতি প্রদান করেন।

**আলোচ্যসূচীঃ ২৫ঃ১- বিগত ২২/১০/২০২০ইং তারিখে অনুষ্ঠিত ২৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ**

সভাপতি মহোদয় উলেস্নখ করেন যে, ২২ অক্টোবর ২০২০ইং তারিখে অনুষ্ঠিত মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ২৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকল শেয়ারহোল্ডারদের নিকট প্রেরণ করা হয়েছে এবং কোম্পানীর website এ প্রদর্শিত হয়েছে। বিগত বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রদত্ত বিভিন্ন মূল্যবান ও গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা ও পরামর্শ তিনি নিজে এবং কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্যন্ত গুরুত্বের সাথে পর্যালোচনা করেছেন বলে তিনি জানান। এ সকল মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভাপতি মহোদয় কার্যবিবরণীটি অনুমোদনের বিষয়ে শেয়ারহোল্ডারগণের অভিমত জানতে চান। প্রস্তাবটির উপর ভোট গ্রহণকালীন সময়ে ৯৪,৯৫,৮৭৮ সংখ্যাক ভোট পক্ষে এবং ৫০টি ভোট প্রস্তাবের বিপক্ষে প্রদত্ত হওয়ায় বিপুল সংখ্যাধিক্য ভোটে প্রস্তাবটি গৃহীত হলো।

**সিদ্ধান্ত ঃ** ক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৪,৯৫,৮৭৮টি
খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৫০ টি

**প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হলো।**

**আলোচ্যসূচীঃ ২৫ঃ২- ৩১ শে ডিসেম্বর ২০২০ইং সমাপ্ত বৎসরের কোম্পানীর রেভিনিউ হিসাব এবং ব্যালান্স শীটসহ পরিচালকমন্ডলী ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন প্রসঙ্গেঃ**

৩১শে ডিসেম্বর ২০২০ইং সমাপ্ত বৎসরের কোম্পানীর রেভিনিউ হিসাব এবং ব্যালান্সশীটসহ পরিচালকমন্ডলী ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদনের জন্য সভায় উত্থাপন করা হয় এবং উহার উপর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের মতামতসহ সুপারিশ প্রদানের আহ্বান জানালে অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণের মধ্যে ৯৪,৯২,১৬৯ সংখ্যক ভোট প্রস্তাবটির পক্ষে ও ৫০টি ভোট বিপক্ষে দেওয়ায় প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত ঃ** ক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৪,৯২,১৬৯টি
খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৫০ টি

**প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হলো।**

**আলোচ্যসূচীঃ ২৫ঃ৩- পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত ৩১ শে ডিসেম্বর ২০২০ইং সনের সমাপ্ত বৎসরের জন্য লভ্যাংশ ঘোষণাঃ**

পরিচালনা পর্ষদের সুপারিশকৃত ২০২০ইং সনের রেকর্ড ডেট ০৬/১০/২০২১ইং তারিখে কোম্পানীর যে সকল শেয়ারহোল্ডারবৃন্ধের নাম অন্তর্ভুক্ত ছিল তাদের অনুকূলে স্টক ১৫% ও নগদ ১৫% সহ মোট ৩০% লভ্যাংশ অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের সুপারিশ সভায় উত্থাপন করা হলে সম্মানিত শেয়ারহোল্ডারগণের মধ্যে ৯৩,৯৩,৫৯৩টি সংখ্যক ভোট প্রস্তাবটির পক্ষে ও ১০০,১১৩ সংখ্যক ভোট বিপক্ষে প্রদত্ত হওয়ায় প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত ঃ** ক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৩,৯৩,৫৯৩টি
খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ১০০,১১৩ টি

**প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হলো।**

**<u>আলোচ্যসূচীঃ ২৫ঃ৪- কোম্পানীর সংঘ-স্মারক ও সংঘবিধি অনুসারে পরিচালক নির্বাচন/পুনর্নির্বাচনঃ</u>**

**<u>ক- গ্রম্নপঃ</u>**

কোম্পানীর সংঘ-স্মারকের ৯৬ ধারা অনুযায়ী গ্রম্নপ 'ক' ভুক্ত পরিচালক ১) জনাব নিজাম উদ্দিন আহমদ, ২) রিয়াজ উদ্দিন আহমদ, ৩) মিসেস উম্মে খাদিজা মেঘনা অবসর গ্রহণ করেন এবং যোগ্য বিধায় পুনরায় পরিচালনা পর্ষদের পরিচালক হতে ইচ্ছা প্রকাশ করেন।

**<u>খ- গ্রম্নপঃ</u>**

এই গ্রম্নপভূক্ত পরিচালক 'নিজাম-হাসিনা ফাউন্ডেশন হাসপাতাল' অবসর গ্রহণ করেন এবং যোগ্য বিধায় পুনরায় সদস্য হওয়ার অভিমত ব্যক্ত করেন।

কোম্পানীর পরিচালনা পর্ষদের ১৪৭তম সভায় জনগণের অংশের পরিচালক নির্বাচনের জন্য একটি নির্বাচন কমিশন গঠন করা হয়। এ ব্যাপারে বিগত ৩০/০৬/২০২১ইং তারিখে দুইটি জাতীয় দৈনিক যায়যায়দিন ও The New Nation পত্রিকায় বিজ্ঞাপন মারফৎ আগ্রহী পরিচালক পদপ্রার্থীদের কাছ থেকে দরখাস্থ আহবান করা হয়। বিজ্ঞাপনে নির্ধারিত মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ অর্থাৎ ২৯/০৭/২০২১ইং তারিখের মধ্যে পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক পদে কোন আগ্রহী প্রার্থী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান শেয়ারহোল্ডার পরিচালক পদে প্রার্থীতার আবেদন বা মনোনয়নপত্র জমা করেননি। পুন:নির্বাচনের জন্য যোগ্য বিধায় বর্তমান পরিচালক 'নিজাম-হাসিনা ফাউন্ডেশন হাসপাতাল' এর পক্ষে প্রতিনিধি জনাব মঈন উদ্দিন পুন:নির্বাচনের জন্য মনোয়নপত্র জমা করলে, ১৪৭তম পর্ষদ সভায় তা অনুমোদিত হয়। পরিচালনা পর্ষদের সিদ্ধান্থ মতে ২৫তম বার্ষিক সভায় প্রস্থাবটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।

অন্য কোন মনোনয়ন পত্র জমা না হওয়ায়, নির্বাচন কমিশন আবেদনকারী সম্মানিত সদস্য 'নিজাম-হাসিনা ফাউন্ডেশন হাসপাতাল' কে বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত ঘোষণা করেন।

প্রস্থাবটির উপর ভোট গ্রহণ কালীন সময়ে ৯৩,৯৩,৫১৩টি সংখ্যক ভোট প্রস্থাবটির পক্ষে ও ৯৯,৮৯০টি ভোট বিপক্ষে দেওয়ায় প্রস্থাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হয়।

**<u>সিদ্ধান্থ</u> ঃ** ক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৩,৯৩,৫১৩টি

খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৯,৮৯০টি

**প্রস্থাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হওয়ায়, নিম্নলিখিত সম্মানিত সদস্যগণকে ২৫তম বার্ষিক সাধারণ সভায় পুন:নির্বাচিত ঘোষণা করা হলো।**

**ক-গ্রম্নপঃ ১) জনাব নিজাম উদ্দিন আহমদ,**

**২) জনাব রিয়াজ উদ্দিন আহমদ,**

**৩) মিসেস উম্মে খাদিজা মেঘনা**

**খ-গ্রম্নপঃ ১) নিজাম-হাসিনা ফাউন্ডেশন হাসপাতাল**

**<u>আলোচ্যসূচীঃ২৫ঃ৫- নিরপেক্ষ পরিচালক নিয়োগ/পুনঃনিয়োগ এর অনুমোদনঃ</u>**

বিগত ১৫/০৯/২০২১তারিখ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ১৪৭তম সভায় নিরপেক্ষ পরিচালক জনাব মোঃ নুরম্নল ইসলাম মিয়া ও জনাব মোহাম্মদ আহসান ইবনে কবির এর পুনঃনিয়োগ পরবর্তী বার্ষিক সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হয়। উক্ত সিদ্ধান্থ অনুমোদনের জন্য শেয়ারহোল্ডারগণের মধ্যে প্রস্থাবটির উপর ভোট গ্রহণকালীন সময়ে ৯৩,৯৩,৪৯৬টি সংখ্যক ভোট প্রস্থাবটির পক্ষে ও ৯৯,৮৯০টি ভোট বিপক্ষে দেওয়ায় প্রস্থাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হয়।

**<u>সিদ্ধান্থ</u> ঃ** ক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৩,৯৩,৪৯৬টি

খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৯,৮৯০টি

**প্রস্থাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হওয়ায় নিম্নলিখিত ০২ (দুই) জন সম্মানিত নিরেপেক্ষ পরিচালক (Independent Director) কে আগামী ০৩ (তিন) বছরের জন্য পুন:নির্বাচিত ঘোষণা করা হলো।**

**১) জনাব মোঃ নুরম্নল ইসলাম মিয়া,**

**২) জনাব মোহাম্মদ আহসান ইবনে কবির**

<u>**আলোচ্যসূচীঃ ২৫ঃ৬- ২০২১ইং সনের জন্য অডিটর নিয়োগ ও তাদের ফি নির্ধারণঃ**</u>

কোম্পানীর বর্তমান নিরীক্ষক মেসার্স "এ ওহাব এন্ড কোং", চার্টার্ড একাউন্ট্যান্টস এর নিয়োগ ২০২০ইং সালে সমাপ্ত হওয়ায়, ২০২১ইং সালের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য 'মেসার্স মাহফিল হক এন্ড কোং' আবেদন করেছেন। প্রস্তাবটির উপর ভোট প্রদানের আহবান জানালে ৯৩,৯৩,৪৭৫টি সংখ্যক ভোট প্রস্তাবটির পক্ষে ও ৫০টি ভোট বিপক্ষে দেওয়ায় প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে গৃহীত হলো। 'মেসার্স মাহফিল হক এন্ড কোং' চাটার্ড একাউন্ট্যান্টস কে ২০২১ সালের জন্য কোম্পানীর অডিটর নিয়োগ করাসহ তাদের প্রফেশনাল ফি বাবদ টা. ৩২৫,০০০/- (তিন লক্ষ পঁচিশ হাজার) টাকা নির্ধারিত হয়।

<u>**সিদ্ধান্ত**</u> ঃক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৩,৯৩,৪৭৫টি

খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৫০টি

**প্রস্তাবটি বিপুল সংখ্যাধিক্য ভোটে অনুমোদিত হওয়ায়' মেসার্স মাহফিল হক এন্ড কোং' চার্টার্ড একাউন্ট্যান্টস কে ৩২৫,০০০/- (তিন লক্ষ পঁচিশ হাজার) টাকা ফি নির্ধারণ করে ২০২১ সালের জন্য কোম্পানীর অডিটর নিয়োগ করা হলো।**

<u>**আলোচ্যসূচীঃ ২৫ঃ৭- Certificate on Corporate Governance Guidelines" সংগ্রহের জন্য একটি পেশাজীবি (হিসাব) প্রতিষ্ঠানকে নিয়োগ ও তাদের ফি নির্ধারণ প্রসঙ্গেঃ**</u>

BSEC-এর ০৩/০৬/২০১৮ইং তারিখের নির্দেশনা অনুযায়ী 'Certificate on Corporate Governance' প্রদানের জন্য একটি অভিজ্ঞ পেশাজীবী হিসাব নিরীক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করার ব্যাপারে BSEC-এর নির্দেশনা অনুযায়ী একটি অভিজ্ঞ পেশাজীবী নিরীক্ষা প্রতিষ্ঠান এর কাছ থেকে Certificate গ্রহণের জন্য 'কোম্পানী হিসাব সংক্রান্ত পেশাজীবী প্রতিষ্ঠান' হিসাবে 'মেসার্স এ.ওহাব এন্ড কোং' চার্টার্ড একাউন্ট্যান্টস এর নাম প্রস্তাব করলে উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য শেয়ারহোল্ডারগণের মধ্যে প্রস্তাবটির উপর ভোট গ্রহণ করা হয়। প্রদত্ত ভোট ৯৩,৮৯,৬৫২টি সংখ্যক ভোট প্রস্তাবটির পক্ষে ও বিপক্ষে কোন ভোট না পড়ায় প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। 'মেসার্স এ.ওহাব এন্ড কোং' চাটার্ড একাউন্ট্যান্টস কে ২০২১ সালের জন্য কোম্পানীর 'Certificate on Corporate Governance' এর জন্য দায়িত্ব প্রদান ও তাদের প্রফেশনাল ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নির্ধারিত হয়। ভোটের ফলাফল অনুযায়ী সিদ্ধান্ত নিম্নরূপঃ

<u>**সিদ্ধান্ত**</u> ঃক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৩,৮৯,৬৫২টি

খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- নাই

**প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হওয়ায় 'মেসার্স এ.ওহাব এন্ড কোং' চার্টার্ড একাউন্ট্যান্টস কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ফি নির্ধারণ করে ২০২১ সালের জন্য কোম্পানীর** 'Certificate on Corporate Governance' **প্রদানের জন্য নিয়োগ করা হলো।**

<u>**আলোচ্যসূচীঃ ২৫ঃ৮- ১৯৯৪ সালের কোম্পানী আইনের সেকশন ১১০ অনুযায়ী মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ ০৫ (পাঁচ) বছর অধিক সময়ে নবায়নের বিষয়ে অনুমোদন প্রসঙ্গেঃ**</u>

প্রস্তাব উত্থাপিত হলে ভোট গ্রহণকালীন সময়ে ৯৩,৯২,৪৪৬টি সংখ্যক ভোট প্রস্তাবটির পক্ষে ও বিপক্ষে কোন সম্মানিত শেয়ারহোল্ডার ভোট না দেয়ায় প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

<u>**সিদ্ধান্ত**</u> ঃক) আলোচ্যসূচীর পক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- ৯৩,৯২,৪৪৬টি

খ) আলোচ্যসূচীর বিপক্ষে প্রদত্ত ভোট সংখ্যা- নাই।

**প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।**

<u>**আলোচ্যসূচীঃ ২৫ঃ৯- বিবিধ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়ে আলোচনাঃ**</u>

এই আলোচ্যসূচীর আওতায় অন্য কোন বিষয় না থাকায় মাননীয় চেয়ারম্যান মহোদয় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও পরিচালকবৃন্দকে মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ২৫তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও গঠনমূলক ভূমিকা রাখার জন্য এবং সম্মানিত পরিচালকবৃন্দকে কোম্পানীর কার্যক্রম সূচারুরূপে পরিচালনায় সহায়তা করার জন্য ধন্যবাদ ও মোবারকবাদ জানিয়ে সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(নিজাম উদ্দিন আহমদ)**

চেয়ারম্যান